“যে ইলমের দ্বারা আল্লাহর সন্তুষ্টি অন্বেষণ করা যায়, কোনো লোক যদি দুনিয়াবী স্বার্থ লাভের জন্য তা শিক্ষা করে, তবে সে কিয়ামতের দিন জান্নাতের সুগন্ধি পাবে না”

আবূ হুরাইরা রদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ইলমের দ্বারা আল্লাহর সন্তুষ্টি অন্বেষণ করা যায়, কোনো লোক যদি দুনিয়াবী স্বার্থ লাভের জন্য তা শিক্ষা করে, তবে সে কিয়ামতের দিন জান্নাতের সুগন্ধি পাবে না”। [সহীহ] [এটি আবূ দাউদ, ইবন মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন যে, যে ব্যক্তি দুনিয়ার সম্পদ অথবা মর্যাদার মতো কিছু অংশ এবং ভোগ-বিলাস অর্জন করার উদ্দেশ্যে শরয়ী ইলম শিখে যা সাধারণত আল্লাহর সন্তুষ্টি অর্জন উদ্দেশ্যেই শেখা হয় সে কিয়ামতের দিন জান্নাতের ঘ্রাণ পাবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/6262